

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২০, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ০৬ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ/১৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ৩৫-আইন/২০২৪।—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২০, ষষ্ঠ তফসিল এর ক্রমিক নং (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার সিটি কর্পোরেশন (কাউন্সিলর ও সংরক্ষিত আসনের কাউন্সিলরগণের দায়িত্ব, কার্যাবলী ও সুযোগ-সুবিধা) বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালায় বিধি ৫ এর উপ-বিধি (১) এর দফা (ক) ও (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) ও (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(ক) কাউন্সিলরগণ প্রতি মাসে ৪০০০০ (চল্লিশ হাজার) টাকা হারে সম্মানী ভাতা প্রাপ্য হইবেন।

(খ) কাউন্সিলরগণ প্রতি সভায় উপস্থিতির জন্য ৬০০ (ছয়শত) টাকা হারে ভাতা প্রাপ্য হইবেন, তবে এই ভাতা কোনো মাসে সর্বোচ্চ ২৪০০ (দুই হাজার চারশত) টাকার অধিক হইবে নাঃ

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কর্পোরেশনের নিজস্ব তহবিল হইতে দফা (ক) ও (খ) এ উল্লিখিত ব্যয় নির্বাহ করিতে হইবে এবং তজ্জন্য অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাইবে নাঃ

(১৭০৯)

মূল্য : টাকা ৪.০০

আরো শর্ত থাকে যে, দফা (ক) ও (খ) এর ব্যয়ের জন্য সকল আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করিতে হইবে এবং এইরূপ ব্যয়ের ক্ষেত্রে কোনোরূপ আর্থিক অনিয়ম সংঘটিত হইলে তজ্জন্য সংশ্লিষ্ট নির্ধারিত কর্তৃপক্ষ দায়ী থাকিবে।”।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুহম্মদ ইব্রাহিম
সচিব।